

অর্থঞ্চ আদালত, ময়মনসিংহ
অর্থঞ্চ আদালত আইন ২০০৩ এ ৩৩ (১) ধারামতে

নিলাম বিজ্ঞপ্তি

অর্থঞ্চ জারী মামলা নং ১৫৩/২০২৪ ইং



সোনালী ব্যাংক পিএলসি, ১৯৯৪ সনের কোম্পানী আইন অনুযায়ী গঠিত একটি ব্যাংকিং কোম্পানী। (যাহা ইতিপূর্বে মহামান্য রাষ্ট্রপতির আদেশ ২৬/১৯৭২ বলে গঠিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকিং প্রতিষ্ঠান, যাহার দায়, পরিসম্পদ, অধিকার, সুযোগ-সুবিধা নিয়ে সরকারী সিদ্ধান্তের আলোকে ভেভরস এগ্রিমেন্ট সম্পাদনের মাধ্যমে সোনালী ব্যাংক পিএলসি এর নিকট হস্তান্তরিত)। ইহার অন্যতম শাখা হালুয়াঘাট শাখা, থানা ও উপজেলা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহে অবস্থিত, যাহা সোনালী ব্যাংক পিএলসি, হালুয়াঘাট শাখা নামে পরিচিত।

..... ডিক্রীদার।

বনাম

১। মেসার্স অনন্যা ফ্যাশন এন্ড টেইলার্স, প্রোঃ- বাবু, ঠিকানা- উপজেলা মহিলা বিপনী, হালুয়াঘাট, থানা ও উপজেলা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ। ২। বাবু পিতা- মোঃ আব্দুস সালাম, ৩। গোলে আমজান, পতি- ছফির উদ্দিন, সাকিন- জোকাবিলের কান্দা, কড়ইকান্দা, ডাকঘর- লতিফপুর, থানা ও উপজেলা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ।

..... দায়িকগন।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রীদার সোনালী ব্যাংক পিএলসি, হালুয়াঘাট শাখা, থানা- হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ দায়িকের নিকট হইতে বিগত ২৯-০৭-২০২৪ খ্রীঃ তারিখ পর্যন্ত সূদাসলে ৯,২৭,৮৩৬/- (নয় লক্ষ সাতাইশ হাজার আটশত ছয়ত্রিশ) টাকা আদায়ের লক্ষ্যে নিম্ন বর্ণিত তফসিল সম্পত্তি অর্থঞ্চ আদালত ময়মনসিংহ সম্মুখে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০২/০২/২৫ ইং তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিক্রয়ের নিমিত্তে অগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে সীলমোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে এবং ঐদিন বেলা ২.৩০ ঘটিকার সময় (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

নিলামের শর্তাবলী

- প্রত্যেক দরপত্র দাতাকে নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীলমোহর কৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে।
- দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে অর্থঞ্চ আদালত, ময়মনসিংহ-এ রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ওই দিনই অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পেমেণ্ট অর্ডার মাধ্যমে অর্থঞ্চ আদালত, ময়মনসিংহ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

ক্রমশ/২

সত্যায়িত

৫/২

মুহাম্মদ ফয়সল উদ্দিন মোস্তা
ম্যানেজার (এসপিও)
জি-৪৩১১৬
সোনালী ব্যাংক পিএলসি
হালুয়াঘাট শাখা, ময়মনসিংহ



-২-

- ৪। অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/০০ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে অর্থস্বর্ণ আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- ৫। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে আদালত দরপ্রস্তাব বাতিল করিতে পারিবে।
- ৬। উপরে বর্ণিত (৩) ও (৪)-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৭। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য ব্যাংকের উক্ত শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার অর্থস্বর্ণ আদালত সংরক্ষণ করেন।
- ৯। আদালত কর্তৃক গৃহীত দরপত্রদাতাকে তফসিল বর্ণিত সম্পত্তির দখল যথাসময় বুঝাইয়া দেওয়া হইবে। উক্ত ক্ষেত্রে আইনগত সকল বিধিবিধান প্রযোজ্য হইবে।

তফসিল

জেলা- ময়মনসিংহ, থানা ও উপজেলা- হালুয়াঘাট, মৌজা- কড়ইকান্দা, জে,এল,নং- ৩৮, মিউটেশান খতিয়ান নং ১৭৭৫।

খতিয়ান	দাগ		পরিমাণ
এস.এ- ৩৫৭	এস.এ	বি.আর.এস	
বি.আর.এস- ৬১০৯	৮৫৯	১১৩১	০.০২৫০ একর
	৮৫৯	১১৩২	০.১৭৫০ একর
	৮৫৮	১১২৯	০.১৬০০ একর
	৮৫৮	১১৩০	০.০৯০০ একর
	মোট		০.৪৫০০ একর

শূন্য দশমিক চার পাঁচ শূন্য শূন্য একর ভূমি ও তদস্থিত নির্মাণাদী স্থাপনা।

আদেশক্রমে

সেরেস্তাদার

অর্থস্বর্ণ আদালত, ময়মনসিংহ।

৩টি স্বাক্ষর ও
৩টি স্বাক্ষর, নথিভুক্ত
দায়িত্ব প্রাপ্তি তালিকা
হইবে।

সত্যায়িত

মুহাম্মদ ফয়সল উদ্দিন মোস্তা
ম্যানেজার (এসপিও)
জি-৪৩১১৬
সোনালী ব্যাংক পিএলসি
হালুয়াঘাট শাখা, ময়মনসিংহ